



স্মারক নং-১২.১৭.১০০০.০০৮.০০১.১৩.০০০৭.২৬. ২২৪৮

তারিখ : ১৬/০৮/২০২৬

বিষয় : চাকরি স্থায়ীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়ার অধীন কর্মরত (গ্রেড-১৩ হতে গ্রেড-২০) যেসকল কর্মচারীর চাকরি স্থায়ীকরণ হয় নাই/পূর্বে চাকরি স্থায়ীকরণ হতে বাদ পড়েছেন/ পদোন্নতিপ্রাপ্ত পদে চাকরি ০১ (এক) বছর পূর্ণ হয়েছে, তাদের চাকরি স্থায়ীকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত কাগজপত্রসহ সঠিক তথ্য ছকপত্র-ক এ MS Word, Nikosh Font এ টাইপ করে সফট কপি অত্র দপ্তরের ই-মেইল (addaebogra@gmail.com) ঠিকানায় এবং হার্ডকপি বাহক মারফত আগামী ১০/০৯/২০২৬ তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ছকপত্র-ক

ক্রমিক নং	নাম, পদবি ও বর্তমান কর্মস্থল	জন্ম তারিখ ও নিজ জেলা	শিক্ষাগত যোগ্যতা	সরকারি চাকরিতে ১ম যোগদানের তারিখ (পদবিসহ)	পদোন্নতি পদে যোগদানের তারিখ (পদবিসহ)	চাকুরির ধরণ (রাজস্ব/ প্রকল্প), প্রকল্প হলে প্রকল্প হতে রাজস্ব খাতে যোগদানের তারিখ (পদবিসহ)	বিভাগীয়/ দুদক/ অন্যান্য মামলা আছে কিনা? থাকলে বিবরণ	চাকুরী সন্তোষজনক কি না?	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

উল্লেখ্য, যে সকল কর্মচারীর চাকরি ৩১/১২/২০২৫ তারিখ পর্যন্ত ন্যূনতম ০২ (দুই) বছর পূর্ণ হয় নাই তাদের আবেদনপত্র ও তথ্য প্রেরণ করার প্রয়োজন নাই।

যে সকল কাগজপত্রাদি প্রেরণ করতে হবে:

- ১। লিখিত আবেদনপত্র।
- ২। নিয়োগপত্রের ফটোকপি (সত্যায়িত)।
- ৩। সরকারি চাকরিতে প্রথম যোগদানপত্রের ফটোকপি (সত্যায়িত)।
- ৪। পদোন্নতি আদেশের ফটোকপি (সত্যায়িত) (যারা পদোন্নতি প্রাপ্ত হয়েছেন)।
- ৫। পদোন্নতি পদে যোগদানপত্রের ফটোকপি (সত্যায়িত) (যারা পদোন্নতি প্রাপ্ত হয়েছেন)।
- ৬। শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।
- ৭। বিগত ০২ (দুই) বছরের এসিআর (২০২৪ ও ২০২৫)।
- ৮। বিভাগীয়/দুনীতি দমন কমিশন/ আদালতে দায়েরকৃত অন্য কোন মামলা নেই মর্মে নিয়ন্ত্রণাধীন অফিসার কর্তৃক প্রত্যয়নপত্র।
- ৯। প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তর আদেশের ফটোকপি (সত্যায়িত) (উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব খাতে স্থানান্তরিত কর্মচারীদের ক্ষেত্রে)।
- ১০। রাজস্বখাতে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিতকরণ আদেশের ফটোকপি (সত্যায়িত) (পূর্বে নিয়মিতকরণ হয়ে থাকলে)।
- ১১। হালনাগাদকৃত ভেরিফাইড মূল চাকুরি বহি।

প্রাপক :

১. অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া/জয়পুরহাট/পাবনা/সিরাজগঞ্জ।
৩. উপপরিচালক, হটিকালচার সেন্টার, বনানী, বগুড়া/জামালগঞ্জ, জয়পুরহাট/টেবুনিয়া, পাবনা।
৪. উপজেলা কৃষি অফিসার, ... (সংশ্লিষ্ট)।
৫. উদ্যানতত্ত্ববিদ, হটিকালচার সেন্টার, ঈশ্বরদী, পাবনা।
৬. নার্সারী তত্ত্বাবধায়ক, হটিকালচার সেন্টার, ফুলদিঘী, বগুড়া।
৭. অফিস কপি।

আপনার/আপনার অধীন দপ্তর হতে প্রাপ্ত
তথ্য এ দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ
করা হলো।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

(মোঃ আব্দুল ওয়াদুদ)
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
বগুড়া অঞ্চল, বগুড়া
ফোনঃ ০২৫৮৮৮১৩৬৫১
addaebogra@gmail.com